

অন্ধগায়কের ভাটিয়ালি

যেতে যেতে ট্রেনপথে অন্ধগায়কের ভাটিয়ালি
চোখ খোলে আমাদের। জেগে ওঠা নগরসভ্যতা
টাল খায় ভাটি গানে। পাঁজরে কোথায় দাঁড় বায়।
হৃদিজলে নৌকো ভাসে; ভাসে কী তোমার নাব্যপ্রাণে!

নাও, তুলে নাও প্রাণে---মাটি ঘ্রাণ, দোতার আদে,
অন্ধগায়কের গান অঁধার, শয্যায় আলো ছায়।
কিছু মীড়, আলোধবনি, তোমার প্রাণের ধার ঘেঁষে
বন্ধজানালায় ছেঁয় খোলা বাতাসের বৃষ্টিসে।

চেনো, চিনে নাও তবে, মুখোমুখি দাঁড়াও আর্শিতে;
ভেসে ওঠা প্রতিবিশ্বে যে মুখ দেখেছো আচম্বিতে।
সে মুখ অচেনা হলে ভেতরে বদল চাও জেনে
মাটিপ্রাণে, হৃদিঘ্রাণে দোতারায় ভেজাও নিজেকে!

অমলেন্দু ঝাঁস

